প্রিয় বাবা-মা/অভিভাবক:

শেখার জন্য বাচ্চাদের প্রয়োজন স্বাস্থ্যকর খাবার। **DeKalb County School District** প্রতিটি স্কুলের দিনে স্বাস্থ্যকর খাবার প্রদান করে। এলিমেন্টারি স্কুলের শিক্ষার্থীরা $2.75, মিডল/হাই স্কুলের শিক্ষার্থীরা $2.90 দিয়ে দুপুরের খাবার এবং এলিমেন্টারি স্কুলের শিক্ষার্থীরা $1.60 দিয়ে মিডল/হাই স্কুলের শিক্ষার্থীরা $1.70 দিয়ে সকালের নাস্তা কিনতে পারে। আপনার সন্তানরা বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে খাবারের জন্য উপযুক্ত হতে পারে। হ্রাসকৃত মূল্য হল নাস্তার জন্য $.30 এবং দুপুরের খাবারের জন্য $.40 । এই প্যাকেটে বিনামূল্যের বা দাম কম করা খাবারের সুবিধার আবেদন পত্র এবং বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। আপনাকে আবেদন প্রক্রিয়ায় সহায়তা করার জন্য নিচে কিছু গতানুগতিক প্রশ্ন ও উত্তর দেওয়া আছে।

1. **কারা হ্রাসকৃত খাবার পেতে পারে**?

- পরিবারের সকল বাচ্চা যারা SNAP, FDPIR বা TANF থেকে সুবিধা পায় তারা বিনামূল্যের খাবারের জন্য যোগ্য।
- পালিত সন্তানের পরিচর্যা সংস্থার আইনি দায়িত্বের অধীন পালিত সন্তান বিনামূল্যে খাবার পাওয়ার যোগ্য।
- যে সকল বাচ্চা তাদের স্কুলে হেড স্টার্ট (Head Start) প্রকল্পে অংশ নিচ্ছে তারাও বিনামূল্যে খাবার পাওয়ার যোগ্য।
- যে সকল বাচ্চা গৃহহীন, বাসা থেকে পালানো বা অভিবাসী তারা বিনামূল্যে খাবার পাওয়ার যোগ্য।
- যদি পরিবারের আয় ফেডারেল আয় যোগ্যতা নির্দেশিকা সীমার মধ্যে হয় তাহলে বাচ্চারা বিনামূল্যে বা হ্রাসকৃত খাবার পাওয়ার যোগ্য হতে পারে। যদি আপনার পরিবারের আয় এই চার্টের মধ্যে বা তার নিচে হয় তাহলে আপনার বাচ্চা বিনামূল্যে বা হ্রাসকৃত খাবার পাওয়ার যোগ্য হতে পারে।

পরিবারের আকার	বাৎসরিক	মাসিক	প্রতি মাসে দু'বার	প্রতি দু সপ্তাহে	সাপ্তাহিক
1	$23,606	1,968	984	908	454
2	31,894	2,658	1,329	1,227	614
3	40,182	3,349	1,675	1,546	773
4	48,470	4.040	2,020	1,865	933
5	56,758	4,730	2,365	2,183	1,092
6	65,046	5,421	2,711	2,502	1,251
7	73,334	6,112	3,056	2,821	1,411
8	81,622	6,802	3,401	3,140	1,570
	+8,288	+691	+346	+319	+160

2. **আমার বাচ্চা গৃহহীন, অভিবাসী বা বাসা থেকে পালানো হিসেবে যোগ্য তা আমি কিভাবে জানব?** আপনার পরিবারের সদস্যদের কি কোনও স্থায়ী ঠিকানা আছে? আপনারা কি একসঙ্গে আশ্রয়, হোটেল বা অন্যান্য সাময়িক আবাসন ব্যবস্থায় থাকেন? আপনার পরিবার কি মরশুমের ভিত্তিতে এক জায়গা ছেড়ে অন্য জায়গা যায়? আপনার সঙ্গে বসবাসরত বাচ্চাদের মধ্যে কি কেউ নিজে থেকে তাদের আগের পরিবার বা বাসা ছেড়ে এসেছে? যদি আপনার মনে হয় যে আপনার পরিবারের বাচ্চারা এইসব বর্ণনা পূরণ করেছে এবং আপনার বাচ্চাদের বিনামূল্য খাবারের বিষয়ে জানানো হয়নি তাহলে অনুগ্রহ করে 678-676-2017 নম্বরে Sonja Tobler এর সঙ্গে যোগাযোগ করুন বা sonja_d_tobler@dekalbschoolsga.org এ ইমেল করুন।
3. **আমার কি প্রত্যেক সন্তানের জন্য আবেদন পূরণ করতে হবে? না।** আপনার পরিবারের সব শিক্ষার্থীর জন্য বিনামূল্যে এবং কম দামে স্কুলের খাবারের উদ্দেশ্যে একটি আবেদন ব্যবহার করবেন। আমরা অসম্পূর্ণ কোন আবেদন অনুমোদন করতে পারি না, তাই প্রয়োজনীয় সব তথ্য প্রদান করবেন। পূরণ করা আবেদন ডাকে এই ঠিকানায় ফেরত পাঠান: **আপনার কম বয়সের বাচ্চা(দের) স্কুলের স্কুল নিউট্রিশন ম্যানেজার।**
4. **যদি আমি এই শিক্ষা বর্ষে একটি পত্র পেয়ে থাকি যেখানে বলা আছে যে আমার বাচ্চা(রা) ইতিমধ্যেই বিনামূল্য খাবারের জন্য অনুমোদিত, তাহলে আমাকে কি আবেদন পূরণ করতে হবে**? **না**, এটার মাধ্যমে উল্লেখ করা হয় যে, আপনি নতুন স্কুল বছরের জন্য অঙ্গরাজ্য কর্তৃক প্রত্যয়িত। অনুগ্রহ করে আপনার প্রাপ্ত পত্র সতর্কতার সঙ্গে **গ্রহণ** এবং নির্দেশাবলী অনুসরণ করুন। যদি আপনার পরিবারের কোনও শিশুর নাম আপনার যোগ্যতা বিজ্ঞপ্তিতে না থাকে অনুগ্রহ করে তাদের নাম অন্তর্ভুক্ত করে কনিষ্ঠ সন্তানের স্কুলে পাঠিয়ে দেবেন। আপনার কোন প্রশ্ন থাকলে আপনার সন্তানের স্কুল নিউট্রিশন ম্যানজারকে ফোন করুন।
5. **আমি কি অনলাইনে আবেদন করতে পারি? হ্যাঁ।** আপনাকে কাগজের আবেদন পূরণের চেয়ে অনলাইনে আবেদন সম্পন্ন করার উৎসাহ দেয়া হচ্ছে। আপনার বাচ্চা(দের) স্কুলের স্কুল নিউট্রিশন ম্যানেজারের থেকে আবেদন পত্র নিতে পারেন। কাগুজে আবেদনের মতো অনলাইন আবেদনের একই শর্ত এবং আপনাকে একই তথ্য প্রদান করতে হবে। অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পর্কে আরও জানতে বা শুরু করতে **https://schoolcafe.com** এ যান। অনলাইন বা কাগুজে আবেদন সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে Tansheila Harris-এর সঙ্গে 678-676-1778 নম্বরে ফোন করুন বা tansheila_harris@dekalbschoolsga.org-এ ইমেল করুন।
6. **আমার সন্তানের আবেদন গতবছর অনুমোদিত হয়েছে। আমার কি নতুন আরেকটি পূরণ করতে হবে? হ্যাঁ।** প্রতি বছর একটি নতুন আবেদন করা আবশ্যক। গত বছর আবেদনের ক্ষেত্রে 30 দিনের অতিরিক্ত সময় ছিল। নতুন আবেদন জমা দেওয়ার শেষ তারিখ 29 সেপ্টেম্বর, 2020। আপনি স্কুল কর্মচারী কর্তৃক অনুমোদিত কোনো নতুন আবেদন না পাঠালে বা আপনার সন্তান বিনামূল্যে খাবারের জন্য যোগ্য মর্মে আপনাকে জানানো না হলে আপনার সন্তানের কাছ থেকে খাবারের পূর্ণ মূল্য নেয়া হবে।
7. **আমি WIC পাই। আমার বাচ্চা বিনামূল্যে খাবার পেতে পারে কি?** WIC-এ অংশগ্রহণকারী পরিবারের বাচ্চারা বিনামূল্যের বা হ্রাসকৃত মূল্যের খাবার পাওয়ার উপযুক্ত হতে পারে। অনুগ্রহ করে একটি সম্পূর্ণ করা আবেদনে পাঠান।
8. **আমার দেয়া তথ্য কি যাচাই করা হবে? হ্যাঁ।** আপনি আপনার পরিবারের যা আয় জানাবেন, আমরা তার লিখিত প্রমাণ চাইতে পারি।
9. **আমি এখন যোগ্য না হলে, পরে আবেদন করতে পারব কি? হ্যাঁ**, আপনি স্কুল বর্ষের যে কোনো সময় আবেদন করতে পারেন। উদাহরণস্বরূপ, যে সকল শিশুর পিতা বা মাতা অথবা অভিভাবক বেকার এবং পরিবারের আয় আয় সীমা থেকে কম হলে আপনার বাচ্চা বিনামূল্যের ও হ্রাসকৃত খাবারের জন্য যোগ্য হতে পারে।
10. **আমি আমার আবেদনের ব্যাপারে স্কুলের সঙ্গে একমত না হলে কী হবে?** আপনি স্কুল আধিকারিক Tansheila Harris-এর সঙ্গে 678-676-1777 নম্বরে ফোন করে কথা বলতে পারেন। আপনি এখানে লিখিতভাবে বা ফোন করে **(678-676-1786)** শুনানির অনুরোধ জানাতে পারেন: **Dr. Connie R. Walker, Executive Director, নির্বাহী পরিচালক, DeKalb School Nutrition Services, 1701 Mountain Industrial Boulevard, Stone Mountain, Ga. 30083**
11. **আমার পরিবারের কেউ মার্কিন নাগরিক না হলে আমি আবেদন করতে পারব কি? হ্যাঁ।** বিনামূল্যের বা হ্রাসকৃত খাবারের জন্য আপনাকে, আপনার বাচ্চাদেরকে বা পরিবারের কাউকে মার্কিন নাগরিক হতে হবে না।
12. **আমার আয় সবসময় একরকম না হলে কি হবে?** আপনি সাধারণত যা আয় করেন সেটা উল্লেখ করবেন। উদাহরণস্বরূপ, প্রতি মাসে সাধারণত $1000 আয় করেন অথচ গত মাসে কিছু সময় আপনার কাজ না থাকায় $900 আয় করেছেন তাহলে আপনি মাসে $1000 আয় করেন বলে উল্লেখ করবেন। আপনি সাধারণত ওভারটাইম পেয়ে থাকলে তা অন্তর্ভুক্ত করবেন, তবে কেবল কখনও কখনও তা পেলে উল্লেখ করবেন না। আপনি চাকরি হারালে বা আপনার চাকরির সময় বা মজুরি হ্রাস পেলে আপনার বর্তমান আয় উল্লেখ করবেন।
13. **আমার পরিবারের কোনও সদস্যের আয় না থাকলে কি জানাব?** আমরা আবেদনে আপনাকে যে ধরনের আয়ের কথা বলেছি পরিবারের সদস্যরা সেই আয় নাও পেতে পারেন বা একেবারেই কোনও না থাকতেও পারে। এইরকম হলে সেই ঘরে 0 লিখুন। তবে, যদি কোনও ঘর খালি রাখেন সেগুলি শূন্য হিসেবে ধরা হবে। তাই অনুগ্রহ করে আয়ের ঘর খালি রাখার ক্ষেত্রে সতর্ক থাকবেন, কারণ আমরা শূন্য বলে ধরে নেব।
14. **আমরা সামরিক বাহিনীতে আছি। আমাদেরকে কি আমার আয় আলাদাভাবে জানাতে হবে?** আপনার বেসিক পে ও ক্যাশ বোনাস আয় হিসেবে অবশ্যই জানাতে হবে। বাইরে থাকার কারণে আবাসন, খাবার বা পোশাকের জন্য যদি আপনি নগদে কোনও ভাতা পান তাহলে তা অবশ্যই আয় হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। আপনার বাসা সামরিক আবাসন বেসরকারিকরণ উদ্যোগ (Military Housing Privatization Initiative) এর অঙ্গ হলে আপনার বাসা ভাড়ার ভাতা আয় হিসাবে অন্তর্ভুক্ত করবেন না। মোতায়েন বাবদ অতিরিক্ত পাওনা আয় থেকে বাদ যাবে।
15. **আমার পরিবারের জন্য আবেদন পত্রে পর্যাপ্ত জায়গা না থাকলে কি হবে?** ধাপ 3 (কেবলমাত্র) সম্পূর্ণ করে তা আপনার সম্পূর্ণ করা আবেদনের সঙ্গে যুক্ত করুন। দ্বিতীয় আবেদনের জন্য আপনার স্কুল নিউট্রিশন ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করুন।
16. **আমার পরিবারের আরো সহায়তা প্রয়োজন। আমরা আবেদন করতে পারি এমন অন্য কোন কর্মসূচি আছে কি?** SNAP বা অন্য কোনও সহায়তার জন্য কিভাবে আবেদন করতে হয় তা জানতে আপনার স্থানীয় সহায়তা অফিসের সঙ্গে যোগাযোগ করবেন বা 1-877-423-4746 নম্বরে ফোন করবেন।
17. **আমার সন্তান কোন CEP স্কুলে ভর্তি হয়ে পরে CEP নয় এমন কোন স্কুলে বদলি হলে কী হবে? শিক্ষার্থী** CEP **নয় এমন কোন স্কুলে বদলি হলে পিতামাতাকে অবশ্যই আবেদন করতে হবে। আবেদন অনুমোদন হতে 10 দিন পর্যন্ত সময় লাগতে পারে। CEP স্কুল থেকে CEP নয় এমন স্কুলে শিক্ষার্থীদের বদলি হলে তাদেরকে বিনামূল্যের খাবার জন্য** 10 **দিন অতিরিক্ত সময় দেয়া হবে। 10 দিন পর শিক্ষার্থীকে অর্থপ্রদান করে খেতে হবে। বর্ধিত (grace) সময়ের পর এবং আবেদন প্রক্রিয়া করার আগে খাবারের জন্য ধার্য করা ব্যয়ের জন্য অভিভাবক দায়ী থাকবেন।**

যদি আপনার কোনও প্রশ্ন থাকে বা সহায়তার দরকার হয়, **তাহলে বিনামূল্য ও হ্রাসকৃত বিষয়ের সুপারভাইজার Tansheila Harris-কে বিনামূল্যে 678-676-1777 নম্বরে ফোন করুন বা**tansheila_harris@dekalbschoolsga.org**-এ ইমেল করুন**

বিনীত,

Dr Connie R. Walker

Dr. Connie R. Walker, নির্বাহী নির্দেশক, DeKalb School Nutrition Services

এই প্রতিষ্ঠান সমান সুযোগ প্রদানকারী।